মেহেরপুরে পুলিশের অভিযানে ১১ গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলার ১১ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৫, সিআর মামলার ৪ ও নিয়মিত মামলার ২ আসামী।

এসব আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ২ জন, সিআর মামলায় ১ জন, গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলার ১ জন, নিয়মিত মামলার ২ জন এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে জিআর মামলার ২ ও সিআর মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল থেকে আজ শনিবার (৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত এ অভিযান চালান পুলিশ।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম

জেলার বিভিন্ন স্থানে অভিযানে চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন। গ্রেফতারকৃতদের শনিবার দুপুরের দিকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষকী পালন

হাসি মুখে রক্তদান বাঁচতে পারে লক্ষ্যপ্রাণ এই প্রতিপাদ্য ঝিনাইদহের কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকাল ১০টায় বলুহর বাসস্ট্যান্ড উত্তরা মটরস শো-রুমের দ্বিতীয় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপত্বি করেন ব্লাড ব্যাংকের পরিচালক ও প্রভাষক মোঃ আলমগীর হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার প্রকল্প পরিচালক(উপ সচিব) বিভাগীয় কমিশনার আবু সায়েদ মোঃ মনছুর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা নির্বাহী অফিসার দেলোয়ার হোসেন, কোটচাঁদপুর (সার্কেলের) অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম,সাবেক অধ্যক্ষ মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুর রশিদ,বিশিষ্ট সমাজ সেবক মোঃ কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল। এছাড়া কোটচাঁদপুর মানবাধিকার সংগঠনের সভাপতি সহ অন্যান্য সদস্যরা উপস্হিত ছিলেন।

এই উপলক্ষে সংগঠনটি র্যালি, আলোচনা সভাও সম্মাননা স্মারক প্রদান করেন। এ-ব্যাপারে ব্লাড ব্যাংকের পরিচালক মোঃ আলমগীর হোসেন বলেন,প্রতিষ্ঠানটি হাটি-হাটি পা পা করে ৩ বছর আগে চলতে শুরু করে।

বর্তমানে কোটচাঁদপুর ব্লাড ব্যাংক কর্ম দক্ষতা দিয়ে এগিয়ে চলেছে। সামনের দিন গুলো আপনাদের সহযোগিতা পেলে মানুষের পাশে থেকে কাজ করে যেতে চায়।

মুজিবনগরে ফসলের সাথে শত্রুতা

মুজিবনগরের বাগোয়ান গ্রামে রাতের আঁধারে ২ বিঘা জমির কলা ও কপি হ্মেত কেটে দিয়েছে দূর্বৃত্তরা।

শুক্রবার দিবাগত রাতের কোনো এক সময় বাগোয়ান গ্রামের কৃষক মহসিন আলীর এক বিঘা জমির কলা ও লিখন মিয়ার এক বিঘা জমির কপি কেটে দেই তারা। বকসোপাড়ার মাঠের এই ফসল কাটে দূর্বৃত্তরা।

কৃষক মহসিন আলী জানান, আমি গতকাল শুক্রবার কপির জমিতে সেচ দিয়েছি। সকালে জমিতে এসে সব কপি গাছ কর্তন দেখেছি।

বাগোয়ান গ্রামের ইউপি মেম্বর রাকিব হোসেন জানান, দুজনই প্রান্তিক কৃষক। পূর্ব শত্রুতার জের ধরে এই ফসল কাটা হয়েছে বলে ধারনা করা হচ্ছে।

এঘটনায় দুজন কৃষক মামলার প্রস্ততি নিচ্ছেন বলে জানান তিনি।

দুজন কৃষকের কলা ও কপি হ্মেতে প্রায় দেড় লক্ষ টাকার ক্ষয়ক্ষতি। দোষীদের শাস্তির দাবী জানিয়েছে এলাকাবাসী।

গাংনীতে চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তার চেক বিতরণ

চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ১০ লাখ ৩০ হাজার টাকা সহায়তা পেলেন গাংনীর ৩৩ জন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সুপারিশে এ সহায়তা দেন প্রধানমন্ত্রী।

আজ শনিবার দুপুরে এমপির গাংনীস্থ বাস ভবনে আনুষ্ঠানিকভাবে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে বক্তৃতা করেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান মশিউর রহমান,সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক,অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও উপকারভোগীরা।

মেহেরপুরে সিগারেটের প্রচারপত্র, বিজ্ঞাপন সামগ্রী থালা ও বাটি জব্দ

মেহেরপুরে শহরের ঘাটপাড়া এলাকায় অভিযান চালিয়ে নাসির টোব্যাকো কোম্পানির প্রতিনিধির নিকট থেকে টপ টেন সিগারেটের প্রচারপত্র, বিজ্ঞাপন সামগ্রী থালা ও বাটি জব্দ করা হয়েছে।

আজ শনিবার (৩ সেপ্টেম্বর) সকাল ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলা দ্বায়িত্ব প্রাপ্ত ধুমপান ও তামাকজাত দ্রুব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম এ অভিযান চালান।

তারিকুল ইসলাম বলেন, এগুলো নাসির টোব্যাকো কোম্পানি সিগারেট খোরদের পুরুস্কার হিসাবে প্রদান করার জন্য কোম্পানির বিক্রয়কর্মী নিয়ে যাচ্ছিলেন।

ধুমপান ও তামাকজাত দ্রুব্য ব্যবহারও নিয়ন্ত্রণ আইন ২০০৫ অনুযায়ী এসব পুরুস্কার সামগ্রী জব্দ করা হয়েছে।

ছিনতাইয়ের কবলে পড়ে ভ্যান হারানো পিতার প্রতিবন্ধী সন্তানদের খাবার যোগাচ্ছেন প্রতিবেশীরা

ছিনতাইয়ের কবলে পড়ে ভ্যান হারিয়েছেন আতিয়ার রহমান। আয়-রোজগার বন্ধ। এ কারনে কোন রান্না হয়নি সংসারে।

দুই দিন ধরে পাশের বাড়ি থেকে চেয়ে এনে মুখের অন্ন জোটাচ্ছে

যা দিয়ে আয় রোজগার করে আমার দুই প্রতিবন্ধী সন্তানের মুখের খাবার তুলে দিতাম। ভ্যান ছিনতাইয়ের পর থেকে পাড়া প্রতিবেশীদের কাছ থেকে চেয়ে নিয়ে এসে তাদের খাবার দিচ্ছি। এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করা হয়েছে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক মাসুদুর রহমান জানান, ওই ঘটনায় আতিয়ার রহমান বাদী হয়ে থানায় একটা অভিযোগ করেছেন। এটা দেখছেন তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আজগর আলী।

মেহেরপুরে মুক্তিযোদ্ধা সাদেক হোসেন জানাযা সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সাবেক সাংবাদিক আবু লায়েছ লাভলুর পিতা বীর

মুক্তিযোদ্ধা সাদেক হোসেন (৮০) ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বৃহস্পতিবার দিবাগত রাত ১১ টার দিকে সদর উপজেলার বন্দর গ্রামে তার নিজ বাড়িতে বার্ধক্য জনিত কারনে মারা যান তিনি।
মৃত্যুকালে তার স্ত্রী, ছেলে, মেয়ে, নাতি, নাকনি, আত্মীয় স্বজন রয়েছেন।

আজ শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল দশটার সময় বন্দর গ্রামের গোরস্থান সংলগ্ন ঈদগা মাঠে জানাজা শেষে দাফন করা হবে। এসময় তাকে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে মেহেরপুর জেলার সকল সাংবাদিক, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সামাজিক, সাংস্কৃতিক ব্যক্তি শোক প্রকাশ করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

থানা পুলিশের অভিযানে ৫ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলার আসামি ৬ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৬ জন ও সিআর মামলার ৪ আসামি রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগরথানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল পর্যন্ত জেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত এসব আসামিদের আজ শুক্রবার আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে বজ্রপাতে ২ কৃষক নিহত, আহত এক গৃহবধু

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের পাঠান পাড়ার নামমাঠ নামক স্থানে কৃষি কাজ করার সময় বজ্রপাতে দুই কৃষক নিহত হয়েছেন।

আজ শুক্রবার দুপুর ২টার দিকে বজ্রপাতাতের এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, শোলমারী গ্রামের পাঠান পাড়ার সামেদ খানের ছেলে শাহ আলম (২৫), দোয়াত আলীর ছেলে ছোট খোকন (৩০)।

স্থানীয়রা জানান, ঘটনার সময় শোলমারী গ্রামের নামমাঠ নামক স্থানে কৃষি কাজ করছিলেন ছোট খোকন ও শাহ আলম। এসময় হঠাৎ বৃষ্টি শুরু হলে সাথে সাথে বজ্রপাতের ঘটনা ঘটে। এতে ছোট খোকন ও শাহ আলম বজ্রোঘাতে ঘটনাস্থলেই মারা যান। পরে খবর পেয়ে পরিবারের লোকজন মরদেহ উদ্ধার করে।

অপরদিকে, গাংনী উপজেলার গাড়াবাড়িয়াতে বজ্রপাতের ঘটনায় বেদানা খাতুন নামের এক গৃহবধু আহত হয়েছেন। তাকে মেহেরপুর জেনারেল

হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত বেদানা একই গ্রামের ওয়াহাবের স্ত্রী।